# ডাকসু নেত্রী রাফিয়ার ময়মনসিংহের বাড়িতে আগুন দিয়েছে দুর্বৃত্তরা



সংগৃহীত ছবি

ঢাকা বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদের (ডাকসু) সদস্য উম্মা উসয়াতুন রাফিয়ার ময়মনসিংহের ঢোলাদিয়া এলাকায় থাকা বাড়ির গেটের সামনে দুর্বৃত্তরা আগুন ধরিয়েছে। ঘটনাটি বুধবার (১৯ নভেম্বর) রাত ৩টার দিকে ঘটে।

আগুন দ্রুত নিয়ন্ত্রণে আনা হয়, হতাহতের কোনো ঘটনা ঘটেনি। রাফিয়া জানিয়েছেন, পুলিশকে অবহিত করা হয়েছে এবং আইনানুগ ব্যবস্থা নেওয়া হচ্ছে।

সামাজিক যোগাযোগমাধ্যমে ভাইরাল হওয়া ভিডিওতে আগুনের পরিমাণ বাড়ানো দেখানো হয়েছে বলে স্থানীয়রা জানিয়েছেন। ময়মনসিংহের অতিরিক্ত পুলিশ সুপার আব্দুল্লাহ আল মামুন বলেন, পুলিশ দ্রুত পৌঁছে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে। রাফিয়ার পরিবার থানায় লিখিত অভিযোগ করেছে, তদন্ত চলছে।

LENS ASIA